



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০১১.২১.৩০০

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

বিষয়: “মুক্তিযুদ্ধ পদক নীতিমালা ২০২১” প্রেরণ এবং নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ পদক এর জন্য মনোনয়ন প্রস্তাব আহবান প্রসঙ্গে।

সূত্র: ৪৮.০০.০০০০.০০১.২৩.০০২.২১.৯১ ২৩ আগস্ট ২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার পর পঞ্চাশ বছর অতিক্রান্ত হতে চলেছে। স্বাধীনতা সংগ্রামকে সংগঠিত করা ও সরাসরি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ এবং যুদ্ধ পরবর্তী স্বাধীন দেশে মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নে অনেক ব্যক্তি এবং সংগঠন ভূমিকা রেখেছে এবং এখনও সক্রিয় ভূমিকা পালন করছে। মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণ এবং চেতনা বিকাশে দেশের সাহিত্যিক, সংস্কৃতিসেবী, সমাজসেবক এবং গবেষকগণ নানাভাবে অবদান রেখেছেন এবং নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এসকল ব্যক্তি ও সংগঠন/সংস্থার অবদানকে রাষ্ট্রীয় পর্যায়ে স্বীকৃতি প্রদান করা হলে তারা সম্মানিত বোধ করবেন, তাদের কর্মের মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনা আরও বিকশিত হবে এবং মুক্তিযুদ্ধের অর্জন পূর্ণতা পাবে। এ উদ্দেশ্যকে সামনে রেখে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর প্রাক্কালে এসকল বরণ্য ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্মানিত ও উৎসাহিত করার জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ‘মুক্তিযুদ্ধ পদক’ প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, আগামী ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধ পদক এর জন্য মনোনয়ন প্রস্তাব (হার্ডকপি/সফট কপি) এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, “মুক্তিযুদ্ধ পদক নীতিমালা-২০২১” এবং ‘মুক্তিযুদ্ধ পদক’ মনোনয়ন ছক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd)-এ পাওয়া যাবে।

৭-৯-২০২১

মো: আবদুর রহমান

উপসচিব

ফোন: 9545700

ফ্যাক্স: 9512220

বিতরণ :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
- ৪) উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
- ৫) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ৬) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
- ৮) রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০১১.২১.৩০০/১(২)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৭-৯-২০২১